

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩২(আগরতলা, ১৭।০৪)
বিশালগড়, ১৭ এপ্রিল, ২০১৮

বিশালগড়ে বিপর্যয় মোকাবিলা আলোচনাচক্র

মহকুমা শাসক কার্যালয়ের সভাগৃহে গত ১৩ এপ্রিল প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশালগড় মহকুমা শাসক সুধাকর শিঙে বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয় এলে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর কিভাবে তাৎক্ষণিক ভাবে সেই বিপর্যয় মোকাবিলা করবে সেই বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। মহকুমার বিভিন্ন দপ্তরের প্রতিনিধিরা আলোচনায় অংশ নিয়ে দুর্যোগ মোকাবিলায় তাদের দপ্তরের ভূমিকা এবং এই দুর্যোগ মোকাবিলায় সংশ্লিষ্ট দপ্তরের কি ধরনের পরিকাঠামো আছে তা আলোচনার মাধ্যমে তুলে ধরেন। এছাড়াও আলোচনায় অংশ নেন অতিরিক্ত মহকুমা শাসক সন্দীপ চক্রবর্তী এবং বিশালগড় ব্লকের বি ডি ও অনুপম চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চড়িলাম ব্লকের বি ডি ও বিংকি সাহা, বিশালগড় পুরপরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জয়দীপ চক্রবর্তী, মহকুমার বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষিকাগণ।
